দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 2 0 1999
পৃষ্ঠা ২২ কলাম ৫

৪৪

# 'জামেয়াতুল উলুম মাদ্রাসা কর্তৃপক্ষ দেশের আইন বিরোধী কার্যকলাপে জড়িত নয়'

চট্টগ্রাম অফিস ॥ গত শনিবার নগরীর লালখান বাজার জামেয়াতুল উলুম মাদ্রাসার উদ্যোগে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বলা হয়, মাদ্রাসা কর্তৃপক্ষ দেশের আইন বিরোধী কোন প্রকার সন্ত্রাসী কার্যকলাপে জড়িত নয়। মাদ্রাসার বিরুদ্ধে আনীত অভিযোগের সকলই মিথ্যা ও বিভ্রান্তিকর। সংবাদসম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মাওলানা মুসা বিন ইজহার। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বলা হয় যে, মুফতি ইজহারুল ইসলাম চৌধুরী মূলতঃ রাজনৈতিক প্রতিহিংসার শিকার। অপর এক প্রশ্নের উত্তরে জানানো হয়, মাদ্রাসার জায়গার মীমাংসিত বিষয়ে একটি বিশেষ মহল অতীতের বিরোধকে কাজে লাগানোর ষড়যন্ত্র করিতেছে। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জামেয়া আরাবিয়া হাইলধরের মহাপরিচালক ও বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির সহ-সভাপতি মাওলানা আবদুল মালেক হালিম, চট্টগ্রাম আইনজীবী সমিতির সাবেক সভাপতি এডভোকেট শামসুদ্দিন আহমদ মীর্জা, দারুল উলুম মাদ্রাসার সাবেক অধ্যক্ষ এডভোকেট মাওলানা শফিক আহমদ প্রমুখ।